

## ময়মনসিংহে অধ্যক্ষ নিয়োগ ও এমপিওভুক্তিতে প্রতারণা

### ■ ময়মনসিংহে প্রতিনিধি

ময়মনসিংহের শহীদ ডিগ্রাউর, মুহম্মদ টেকনিক্যাল এণ্ড বিজনেস মানেজমেন্ট কলেজের প্রভাষক মোহাম্মদ তৌফিকুল আজিম ভূয়া কাপড়পত্র তৈরি করে নিজেকে অধ্যক্ষ দেখিয়ে কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক এমপিওভুক্ত করেছেন অধ্যক্ষের পদ। ময়মনসিংহ প্রেসক্লাবে আয়োজিত সংবাদ সম্মেলনে এই অভিযোগ করেন কলেজের সভাপতি মো. নূরুল ইসলাম। এসময় কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ নাসরিন আরা ফেরদৌসীসহ অন্য শিক্ষকরা উপস্থিত ছিলেন। সংবাদ সম্মেলনে মোহাম্মদ তৌফিকুল আজিমের জাল জন্মিয়াতি ও প্রতারণার কঠোর শাস্তি নাহি করেন তারা। শিথিল বক্তব্যে কলেজের সভাপতি মো. নূরুল ইসলাম বলেন, অধ্যক্ষ পদের জন্য ১২ বছরের অভিজ্ঞতার বুলে ৭ বছরের অভিজ্ঞতা দিয়ে অধ্যক্ষের পদে দায়িত্ব নেন তিনি। প্রতারণার মাধ্যমে সংশ্লিষ্ট নিয়োগ বিভাগে প্রকাশ করে নিয়োগ কমিটির মাধ্যমে অধ্যক্ষ পদে নিয়োগ নেয়া এ ব্যাপারে মোহাম্মদ তৌফিকুল আজিমের অধ্যক্ষ হিসেবে এমপিওভুক্তি অবৈধ বলে এবং তা বাতিলের জন্য ২০১৩ সালে ১১ মার্চ কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক বরাবরে দ্বিতীয়বার অভিযোগপত্র করলেও তদন্ত শেষ না হওয়ার পূর্বেই অজ্ঞাত কারণে ঐ বছরই তারে বকেয়াসহ এমপিও বিল প্রদান করা হয়েছে। অভিযোগের ৫ মাস পর কারিগরি শিক্ষা অধিদপ্তরের সহকারী পরিচালক মোঃ রুহুল আমীন ৪ জুলাই তারিখে অধ্যক্ষের বিরুদ্ধে অনীত অভিযোগের তদন্তে আসেন কিন্তু অজ্ঞাত কারণে তদন্ত রিপোর্ট পাওয়া যায়নি।